



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

নথি নং-বিঅ-৬/৭০৪২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৪৫৯

তারিখ: ১০-০৪-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৭-০৩-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৪১৩৯))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার সদর উপজেলাধীন পাকাকাঞ্চনপুর মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব আলী আহমেদ বিধি বহির্ভূতভাবে ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

১০-০৪-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

জেলা শিক্ষা অফিসার
মাগুরা।

সংযুক্তি: অভিযোগের ছয়ালিপি

নথি নং-বিঅ-৬/৭০৪২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৪৫৯ (৬)

তারিখ: ১০-০৪-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, মাগুরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর, মাগুরা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাগুরা সদর, মাগুরা।
- ৪। প্রধান শিক্ষক, পাকাকাঞ্চনপুর মাধ্যমিক বিদ্যালয়, হাজরাপুর, মাগুরা সদর, মাগুরা।
- ৫। অভিযোগকারী, জনাব আলী আহমেদ (০১৭৪০-৮৪০১৬০), রাখবদাইড়, মাগুরা সদর, মাগুরা।
- ৬। অফিস নথি।

১০-০৪-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,

যশোর।

বিষয় : পাকা কাঞ্চনপুর উচ্চ বিদ্যালয়ের প্রস্তাবিত পরিচালনা কমিটি স্থগিত প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন এই যে, ১৯৯১ সালে আমি ৬ নং রাঘবদাইড় ইউনিয়ন, মাগুরা সদর এর চেয়ারম্যান নির্বাচিত হওয়ার পর স্থানীয় জনগন এবং সরকারী বিভিন্ন অনুদান গ্রহণ করে বিদ্যালয়টি প্রতিষ্ঠা করি। প্রায় ৫-৬ বছর যাবৎ প্রধান শিক্ষক সাহেব স্বেচ্ছাচারিতার মাধ্যমে স্কুল পরিচালনা করছেন। তিনি তার কাজের সুবিধার্থে গত স্কুল পরিচালনা কমিটিতে ঢাকায় বসবাসকারী একজন সরকারি চাকুরিজিবী (এম এল এস জনাব আতর আলী) কে সভাপতি নিয়োগ করেন। বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম এ বছর ম্যানেজিং কমিটি তার মনমতো গঠন করার জন্য কাউকে কিছু না জানিয়ে সম্পূর্ণ গোপনে পূর্বের সেই (এম এল এস জনাব আতর আলী) কেই সভাপতি হিসাবে নির্বাচিত করে কমিটি জমা দিয়েছে। আতর আলী ইতিমধ্যে মহামান্য রাষ্ট্রপতি মহাদয়ের বিরুদ্ধে মিথ্যা বক্তব্য দেওয়ায় চাকুরিচুক্তি হয়েছেন। (কপি সংযুক্ত)

অতএব বিষয়টি তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার সদয় মর্জি হয়।

তারিখঃ ২৭/০৬/২০২২

বিনীত নিবেদক

আলী আহমেদ

(আলী আহমেদ)

প্রতিষ্ঠাতা

পাকা কাঞ্চনপুর উচ্চ বিদ্যালয়

ও সাবেক চেয়ারম্যান

৬ নং রাঘবদাইড় ইউনিয়ন পরিষদ